সিলেট জেলা ও মহানগর স্বেচ্ছাসেবকদলের নবগঠিত কমিটিকে সিলেট ছাত্রদলের অভিনন্দন

চেম্বার ডেস্ক::

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবকদলের নবগঠিত আহবায়ক কমিটিকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন সিলেট জেলা ও মহানগর ছাত্রদল। আজ (২৩ আগস্ট) সিলেট মহানগর ছাত্রদলের দপ্তর সম্পাদক আবুল হাসনাত সাজ্জাদ সাক্ষরিত এক অভিনন্দন বার্তায় সিলেট জেলা ছাত্রদলের সভাপতি আলতাফ হোসেন সুমন, মহানগর ছাত্রদলের সভাপতি সুদীপ জ্যোতি এষ, সাধারণ সম্পাদক ফজলে রাব্বি আহসান ও জেলা ছাত্রদলের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন নাদিম বলেন, বলেন বর্তমান অবৈধ ফ্যাসিবাদী সরকারের জুলুম নির্যাতনের বিরুদ্ধে রাজপথে নবগঠিত কমিটির নেতৃত্বে দুর্বার আন্দোলন গড়ে তুলতে অগ্রণী ভুমিকা পালন করবে, বিগত দিনের রাজপথের পরিক্ষিত সাবেক ছাত্রদল নেতাদের হাতে স্বেচ্ছাসেবকদলের দায়িত্ব অর্পন করায় তৃনমুল নেতাকর্মীদের মাঝে প্রাণচঞ্চল ও স্বস্তি ফিরে এসেছে, যা আগামীতে আওয়ামী দুঃশাসন বিরুধী আন্দোলনে নেতাকর্মীদের অতীতের যেকোনো সময়ের চেয়ে আরো বেশি আত্মবিশ্বাসী করবে বলে মনে করেন। দীর্ঘদিনের রাজপথের ত্যাগিদের দ্বারা সিলেট জেলা ও মহানগর স্বেচ্ছাসেবকদলের কমিটি গঠন করায় বিএনপির চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়া, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান দেশনায়ক তারেক রহমান, বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, বিএনপির চেয়ারপার্সনের উপদেষ্টা, সিলেট-১ আসনের গণমানুষের নেতা খন্দকার আব্দুল মোক্তাদির, জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবকদল কেন্দ্রীয় কমিটির সভাপতি মুস্তাফিজুর রহমান ও সাধারণ সম্পাদক আব্দুল কাদির ভুইয়া জুয়েঁল সহ কেন্দ্রীয় নেতৃবৃন্দকে সিলেট জেলা ও মহানগর ছাত্রদলের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

উল্লেখ্য, গত ১৭ আগস্ট জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবকদলের কেন্দ্রীয় দপ্তর সেল থেকে প্রায় এক দশক পর সিলেট জেলা ও মহানগর স্বেচ্ছাসেবকদলের যথাক্রমে ৬১ সদস্য বিশিষ্ট কমিটি প্রকাশ করা

হয়। এতে সিলেট জেলা স্বেচ্ছাসেবকদলের আহবায়কের দায়িত্ব পেয়েছেন আব্দুল আহাদ খান জামাল ও সদস্য সচিব হয়েছেন দেওয়ান জাকির হোসেন খান, মহানগর কমিটিতে আহবায়ক হিসেবে আব্দুল ওয়াহিদ সুহেল ও সদস্য সচিবের দায়িত্ব পেয়েছেন আজিজুল হোসেন আজিজ।